



স্মারক নং-ই.এন্ড টি.অনু: ৪৪৫ /২০২৫

তারিখ: ৩ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ

১৮ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

ট্রান্সক্রিপ্ট জমা ও ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি-২

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে প্রযুক্তি ইউনিট ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের চতুর্থ ধাপে অর্থাৎ তৃতীয় মাইগ্রেশনের বিষয় ও প্রতিষ্ঠান বরাদ্দ ১৮/০৮/২০২৫ তারিখ প্রকাশ করা হয়েছে। বিষয় ও প্রতিষ্ঠান বরাদ্দপ্রাপ্ত প্রার্থীদের মধ্যে যে সকল প্রার্থী ইতোপূর্বে মূল ট্রান্সক্রিপ্ট জমা দিয়েছে (মেধাক্রম ১ হতে মেধাক্রম ২৬০১ পর্যন্ত এবং বিভিন্ন কোটায় বরাদ্দপ্রাপ্ত প্রার্থী) এবং চতুর্থ ধাপে অর্থাৎ তৃতীয় মাইগ্রেশনে বিভাগ ও প্রতিষ্ঠান বরাদ্দপ্রাপ্ত হয়েছে এসকল প্রার্থীদেরকে (সরকারি প্রতিষ্ঠানে বরাদ্দপ্রাপ্ত প্রার্থীদেরকে অনলাইনের মাধ্যমে এবং বেসরকারি প্রতিষ্ঠানে বরাদ্দপ্রাপ্ত প্রার্থীদেরকে প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইটে বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্দেশনা অনুযায়ী স্বশরীরে উপস্থিত হয়ে) ২০ আগস্ট ২০২৫ তারিখ সকাল ৯:০০ টা হতে ২৫ আগস্ট ২০২৫ তারিখ দুপুর ২:০০ টার মধ্যে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে। উল্লিখিত তারিখের মধ্যে মেধাক্রম ১ হতে ২৬০১ পর্যন্ত ও কোটায় বরাদ্দপ্রাপ্ত প্রার্থীদের মধ্যে কোনো প্রার্থী ভর্তির কার্যক্রম সম্পন্ন না করলে উক্ত প্রার্থী ভর্তি হতে ইচ্ছুক নয় হিসেবে গণ্য করা হবে এবং প্রার্থীর বরাদ্দপ্রাপ্ত বিষয় ও প্রতিষ্ঠান বাতিল করা হবে।

যেসকল প্রার্থী নতুনভাবে চতুর্থ ধাপে বিষয় ও প্রতিষ্ঠান বরাদ্দ পেয়েছে অর্থাৎ মেধাক্রম ২৬০২ হতে মেধাক্রম ৩১১৯ পর্যন্ত প্রার্থীদের মধ্যে ভর্তিচ্ছুক প্রার্থীদেরকে ভর্তির প্রাথমিক নিশ্চায়ন ফি বাবদ অফেরতযোগ্য ৩,০০০.০০ (তিন হাজার) টাকা অনলাইনের মাধ্যমে জমা দিতে হবে এবং উক্ত জমার রশিদসহ আগামী ২৪/০৮/২০২৫ তারিখ অত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়সূচী অনুযায়ী এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ঢাকা বিশ্ববিদ্যালয়ে মোকাররম ভবন এলাকাস্থ উচ্চতর বিজ্ঞান গবেষণা কেন্দ্রের ট্রেনিং রুমে (কক্ষ নং ১১২, দ্বিতীয় তলা) জমা দিতে হবে।

ট্রান্সক্রিপ্ট জমা দেওয়ার সময় প্রার্থীদের নিম্নলিখিত কাগজপত্র সঙ্গে আনতে হবে (মেধাক্রম ২৬০২ হতে ৩১১৯ পর্যন্ত):

- প্রযুক্তি ইউনিট ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র (মূল কপি না থাকলে ফটোকপি গ্রহণযোগ্য)।
- এস.এস.সি এবং এইচ.এস.সি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট।
- অনলাইনে পূরণকৃত প্রার্থীর প্রাথমিক আবেদনের বিস্তারিত তথ্য ফরম ও শিক্ষার্থীর ভর্তিযোগ্য বিষয়সমূহের পছন্দক্রমের প্রিন্ট কপি (ফরমের নিচের অংশে প্রার্থীর স্বাক্ষর, তারিখ ও মোবাইল নম্বর লিখতে হবে)।
- ভর্তির প্রাথমিক নিশ্চায়ন ফি হিসেবে অনলাইনের মাধ্যমে ৩,০০০.০০ (তিন হাজার) টাকা পরিশোধের রশিদের প্রিন্ট কপি (শিক্ষার্থীর অংশ ও ইউনিটের অংশ) এবং অটোমাইগ্রেশন বন্ধের ৫০.০০ (পঞ্চাশ) টাকা ফি জমার রশিদের প্রিন্ট কপি (যদি কোনো প্রার্থী অটোমাইগ্রেশন বন্ধ করে থাকে)।

ট্রান্সক্রিপ্ট জমার সময়সূচী:

তারিখ ও বার	মেধাক্রম	সময়
২৪ আগস্ট ২০২৫ রোজ রবিবার	২৬০২ হতে ২৮০০	সকাল ৯:৩০ হতে সকাল ১০:৩০
	২৮০১ হতে ৩০০০	সকাল ১০:৩০ হতে সকাল ১১:৩০
	৩০০১ হতে ৩১১৯	সকাল ১১:৩০ হতে দুপুর ১২:০০

ভর্তির কার্যক্রম সম্পন্ন করার জন্য প্রার্থীদেরকে নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণ করতে হবে

(ক) সরকারি প্রতিষ্ঠানে বরাদ্দপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে ভর্তি সংক্রান্ত ফি জমা দেওয়ার নির্দেশনা:

- সরকারি প্রতিষ্ঠানে বরাদ্দপ্রাপ্ত প্রার্থীদেরকে প্রতিষ্ঠানের ভর্তি ও অন্যান্য ফি বাবদ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ফি বাবদ সর্বমোট ১১,৯০০.০০ (এগারো হাজার নয়শত) টাকা পরিশোধ করতে হবে। তন্মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইটের মাধ্যমে ৩,৭০০.০০ (তিন হাজার সাতশত) টাকা এবং বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবের মাধ্যমে অবশিষ্ট ৮,২০০.০০ (আট হাজার দুইশত) টাকা পরিশোধ করতে হবে।

চলমান পাতা-২



পাতা-২

- যেসকল প্রার্থী ইতোপূর্বে ভর্তির প্রাথমিক নিশ্চায়ন ফি বাবদ ৩,০০০.০০ পরিশোধ করেছে, এসকল প্রার্থীকে ভর্তির জন্য নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইটের মাধ্যমে বর্তমানে ৭০০.০০ (সাতশত) টাকা জমা দেওয়ার পর মোট ৩,৭০০.০০ (তিন হাজার সাতশত) টাকার ইস্যুকৃত হালনাগাদ পে-ইন স্লিপের (পিডিএফ) কপি এবং প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে জমাকৃত ৮,২০০.০০ (আট হাজার দুইশত) টাকা জমা রশিদের স্ক্যান করা (পিডিএফ) কপি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ইমেইলে (অত্র বিজ্ঞপ্তিতে নিম্নে উল্লিখিত স্ব স্ব প্রতিষ্ঠানের ইমেইলে) অবশ্যই নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে অবশ্যই টাকা জমা দেওয়ার রশিদের প্রিন্ট কপি প্রার্থীর নিকট সংরক্ষণ করতে হবে, যা পরবর্তীতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদির সাথে জমা দিতে হবে। উল্লেখ্য, যেসকল প্রার্থী সর্বমোট ১১,৯০০.০০ (এগারো হাজার নয়শত) টাকা জমা দেওয়ার রশিদ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে নিম্নোক্ত ইমেইলে প্রেরণ করবে না, এসকল প্রার্থীর বিষয় ও প্রতিষ্ঠান বরাদ্দ বাতিল বলে গণ্য হবে।
- ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ ভর্তির জন্য বরাদ্দপ্রাপ্ত প্রার্থীরা প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে ৮,২০০.০০ টাকা (হিসাবের নাম: **MESSRS Principal, Mymensingh Engineering College**, হিসাব নম্বর: **০৮৮৫০২০০০০৯৫৪**, রূপালী ব্যাংক লিমিটেড, খাগডহর শাখা, ময়মনসিংহ) জমা দিয়ে এবং উক্ত জমা রশিদের উপরের অংশে প্রার্থীর নাম ও মেধাক্রম লিখে ঐ জমার রশিদের স্ক্যান কপি ইমেইলে (**mecpublic3@gmail.com**) প্রেরণ করে অবশ্যই প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিত করতে হবে।
- ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ ভর্তির জন্য বরাদ্দপ্রাপ্ত প্রার্থীরা প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে ৮,২০০.০০ টাকা (হিসাবের নাম: **অধ্যক্ষ ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ**, হিসাব নম্বর: **২০১১৫০২০০১২৩৩**, সোনালী ব্যাংক পিএলসি, ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ উপশাখা) জমা দিয়ে এবং উক্ত জমা রশিদের উপরে অংশে প্রার্থীর নাম ও মেধাক্রম লিখে ঐ জমার রশিদের স্ক্যান কপি ইমেইলে (**admission@fec.edu.bd**) প্রেরণ করে অবশ্যই প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিত করতে হবে।
- বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ ভর্তির জন্য বরাদ্দপ্রাপ্ত প্রার্থীরা প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে ৮,২০০.০০ টাকা (হিসাবের নাম: **ভর্তি/পুনঃ ভর্তি**, হিসাব নম্বর: **০৩৩১৯০১০২২৪৮৬**, সোনালী ব্যাংক পিএলসি, সাহেবের হাট শাখা, বরিশাল) জমা দিয়ে এবং উক্ত জমা রশিদের উপরে অংশে প্রার্থীর নাম ও মেধাক্রম লিখে ঐ জমার রশিদের স্ক্যান কপি ইমেইলে (**admission_24_25@bec.edu.bd**) প্রেরণ করে অবশ্যই প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিত করতে হবে।

(খ) বেসরকারি প্রতিষ্ঠানে বরাদ্দপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে ভর্তি সংক্রান্ত ফি জমা দেওয়ার নির্দেশনা:

- **জাতীয় বস্ত্র প্রকৌশল ও গবেষণা ইনস্টিটিউট (নিটার)-এ বরাদ্দপ্রাপ্ত প্রার্থীদেরকে** প্রতিষ্ঠানের ভর্তি ও অন্যান্য ফি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ফি বাবদ সর্বমোট ৬০,৪০০.০০ (ষাট হাজার চারশত) টাকা পরিশোধ করতে হবে। তন্মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইটের মাধ্যমে ৮,৪০০.০০ (আট হাজার চারশত) টাকা এবং অবশিষ্ট ৫২,০০০.০০ (বায়ান্ন হাজার) টাকা প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইটে বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্দেশনা অনুযায়ী পরিশোধ করে ভর্তির যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। উল্লেখ্য, যেসকল প্রার্থী ইতোপূর্বে ভর্তির প্রাথমিক নিশ্চায়ন ফি বাবদ ৩,০০০.০০ পরিশোধ করেছে, এসকল প্রার্থীকে ভর্তির জন্য নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইটের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের অবশিষ্ট ৫,৪০০.০০ (পাঁচ হাজার চারশত) টাকা জমা দেওয়ার পর মোট ৮,৪০০.০০ (আট হাজার চারশত) টাকার ইস্যুকৃত হালনাগাদ পে-ইন স্লিপের প্রিন্ট কপি অবশ্যই ভর্তির কার্যক্রমের সময় প্রতিষ্ঠানে জমা দিতে হবে।
- **শ্যামলী ইঞ্জিনিয়ারিং কলেজ-এ বরাদ্দপ্রাপ্ত প্রার্থীদেরকে** প্রতিষ্ঠানের ভর্তি ও অন্যান্য সংক্রান্ত ফি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ফি বাবদ সর্বমোট ৫৭,৪০০.০০ (সাতান্ন হাজার চারশত) টাকা পরিশোধ করতে হবে। তন্মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইটের মাধ্যমে ৮,৪০০.০০ (আট হাজার চারশত) টাকা এবং অবশিষ্ট ৪৯,০০০.০০ (উনপঞ্চাশ হাজার) টাকা প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইটে বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্দেশনা অনুযায়ী পরিশোধ করে ভর্তির যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। উল্লেখ্য, যেসকল প্রার্থী ইতোপূর্বে ভর্তির প্রাথমিক নিশ্চায়ন ফি বাবদ ৩,০০০.০০ পরিশোধ করেছে, এসকল প্রার্থীকে ভর্তির জন্য নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইটের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের অবশিষ্ট ৫,৪০০.০০ (পাঁচ হাজার চারশত) টাকা জমা দেওয়ার পর মোট ৮,৪০০.০০ (আট হাজার চারশত) টাকার ইস্যুকৃত হালনাগাদ পে-ইন স্লিপের প্রিন্ট কপি অবশ্যই ভর্তির কার্যক্রমের সময় প্রতিষ্ঠানে জমা দিতে হবে।



পাতা-৩

(গ) ভর্তির প্রক্রিয়া সম্পন্ন করার জন্য যে সকল কাগজপত্রাদি প্রয়োজন হবে:

- প্রযুক্তি ইউনিট ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের (অত্র অনুষদ কর্তৃক Transcript Received সিলযুক্ত) ফটোকপি মনোনীত কলেজ/ইনস্টিটিউটসমূহে জমা দিতে হবে।
- প্রার্থীর বর্তমান মনোনীত বিষয়ের প্রিন্টকপি কলেজ/ইনস্টিটিউটসমূহে জমা দিতে হবে।
- সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ভর্তি ফিসহ অন্যান্য আনুষঙ্গিক ফি জমার রশিদের প্রিন্টকপি জমা দিয়ে পরবর্তীতে চূড়ান্ত ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্টের প্রতিটির সত্যায়িত ছাড়া ২ (দুই) টি ফটোকপি।
- সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছাড়া ৩ (তিন) কপি রঙিন ছবি।
- সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত Testimonial (চারিত্রিক সনদসহ প্রশংসাপত্র) সত্যায়িত ছাড়া ১ (এক) টি ফটোকপি।
- এইচ.এস.সি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্রের সত্যায়িত ছাড়া ২ (দুই) টি ফটোকপি।
- অভিভাবকের আয়ের সনদ (চাকুরিদাতা প্রতিষ্ঠান কর্তৃক অথবা মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/ পৌর মেয়র/পৌর কমিশনার/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত)।

উল্লেখ্য যে, সরকারি প্রতিষ্ঠানে বরাদ্দপ্রাপ্ত প্রার্থীদের চূড়ান্ত ভর্তির কার্যক্রম সম্পন্ন করার জন্য উপরিউক্ত প্রয়োজনীয় কাগজপত্রাদি পরবর্তীতে প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে স্ব স্ব প্রতিষ্ঠানে জমা দিতে হবে।

(গ) সকল প্রার্থীর জন্য সাধারণ নির্দেশনা:

- সাক্ষাৎকারের সময় প্রার্থীদের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্টসমূহ অত্র ডিন অফিসে জমা রাখা হয়।
- মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ডিন অফিস-এ জমা দেওয়ার পূর্বে প্রার্থীদের এস.এস.সি এবং এইচ.এস.সি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্টসমূহের পর্যাপ্ত সংখ্যক (কমপক্ষে ২০ কপি) ফটোকপি করে নিজের কাছে রাখতে হবে, যা পরবর্তীতে ভর্তি সংক্রান্ত ও অন্যান্য বিভিন্ন কাজে প্রয়োজন হবে।
- কোনো প্রকার কাগজপত্র কালার ফটোকপি করে মূল কপি হিসেবে দেখালে অথবা জমা দিলে ঐ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- যেসকল প্রার্থী ভর্তি সম্পন্ন করবে অথবা ভর্তির প্রাথমিক নিশ্চায়ন ফি জমা দিবে তাদের অটোমাইগ্রেশন চলমান থাকবে।
- কোনো প্রার্থী অটোমাইগ্রেশন না চাইলে অনলাইনের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রযুক্তি ইউনিট ভর্তি সংশ্লিষ্ট ওয়েব সাইটে (<https://collegeadmission.eis.du.ac.bd>) লগইন করে অটোমাইগ্রেশন বন্ধের আবেদন করতে হবে।
- যেসকল প্রার্থী তার পছন্দক্রমের ১ নং বিষয়ে মনোনয়ন পেয়েছে অথবা পাবে তাদের অটোমাইগ্রেশন বন্ধের প্রয়োজন নেই।
- অটোমাইগ্রেশনের ফলে প্রতিষ্ঠান পরিবর্তন হলে প্রার্থীর জমাকৃত ফি পরবর্তীতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অথবা শিক্ষার্থীর মাধ্যমে সমন্বয় করা হবে।
- যেসকল প্রার্থী বিষয় ও প্রতিষ্ঠানে বরাদ্দপ্রাপ্ত হয় নাই তাদেরকে মেধাক্রম ও বিষয় পছন্দক্রমের ভিত্তিতে আসন খালি থাকা সাপেক্ষে পর্যায়ক্রমে বিষয় ও প্রতিষ্ঠান বরাদ্দ দেওয়া হবে।
- বিষয় ও প্রতিষ্ঠান বরাদ্দ, ভর্তি সংক্রান্ত সকল গুরুত্বপূর্ণ তথ্য প্রার্থীকে জানতে ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে অনলাইন অফিসের গুরুত্বপূর্ণ তথ্য এবং প্রযুক্তি ইউনিটের ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের ডিন অফিস কর্তৃক প্রকাশিত সকল বিজ্ঞপ্তি নিয়মিত দেখতে হবে। বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্দেশনা মোতাবেক প্রত্যেক প্রার্থীকে ভর্তি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অবশ্যই সম্পন্ন করতে হবে।

স্বাক্ষরিত/-

(অধ্যাপক ড. উপমা কবির)

ডিন (ভারপ্রাপ্ত)

ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ

এবং

কোঅর্ডিনেটর

প্রযুক্তি ইউনিট ভর্তি ২০২৪-২০২৫

ঢাকা বিশ্ববিদ্যালয়।